**AKASHVANI(Kolkata)**

**Regional News Unit**

**Date: 28-11-2025** **Desk in Charge : SDG**

**Time : 1-30P.M.** **Compiling : Shankar Mukherjee**

**DEO : KB** **NRT : Ranjana C.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

*****************************************************************

বিশেষ বিশেষ খবর:-

১/ কর্ণাটকের উডুপি-র শ্রীকৃষ্ণ মঠে বহু কণ্ঠে গীতা পাঠ সহ অন্যান্য অনুষ্ঠানে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এখন সেখানে। # এরপরে শ্রী মোদী গোয়া সফরে যাবেন।

২/ প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারতকে নির্ভরযোগ্য অংশীদার হিসেবে গণ্য করতে প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও দক্ষিণ বিশ্বের দেশগুলির সঙ্গে নতুন দিল্লি আলোচনা চালিয়ে যাচ্ছে।

৩/ হোয়াইট হাউজের কাছে দুই মার্কিন নিরাপত্তা কর্মীর ওপর এক আফগান নাগরিক গুলি চালানোর পর, মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প আরো কঠোর অভিবাসন নীতির কথা ঘোষণা করে বলেছেন, তৃতীয় বিশ্বের উদ্বেগজনক দেশগুলি থেকে আমেরিকায় আর কোনোরকম অভিবাসন চলবে না। #তবে ওই দেশগুলির তালিকায় ভারত নেই।

৪/ পাকিস্তানের জেলবন্দী প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের শারীরিক অবস্থা নিয়ে জল্পনা-কল্পনার মধ্যেই তাঁর পুত্র কাশেম খান অবিলম্বে তাঁর মুক্তির দাবী জানিয়েছেন।

# রাষ্ট্রসংঘ, ইমরান খানের মানবাধিকার সুনিশ্চিত করতে পাক কর্তৃপক্ষকে বলেছে।

৫/ গোয়ায় এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্যে দিয়ে ভারতের ৫৬-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ সমাপ্ত হতে চলেছে।

********************************************************************

কর্ণাটকের উডুপি-র শ্রী পুথিগে মঠের উদ্যোগে ‘কোটি গীতা লেখানা যজ্ঞ অভিযান’-এ অংশ নিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেখানে পৌঁছেছেন। লক্ষ কণ্ঠে শ্রীমৎ ভগবত গীতা পাঠের অনুষ্ঠানে তিনি অংশ নেবেন। সুবর্ণখচিত তীর্থ মন্ডপের তিনি উদ্বোধন করবেন এবং সুবর্ণময় ‘কণকা-কিন্দি’ তিনি অর্পণ করবেন। সন্ত কণক দাসের জন্য ভগবান শ্রী কৃষ্ণ এই পবিত্র বাতায়ন খুলে দিয়েছিলেন বলে বিশ্বাস। কর্ণাটকের স্বাস্থ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। দু-কিলোমিটার দীর্ঘ রোড শো-এ বহু মানুষ রাস্তার দুপাশে দাঁড়িয়ে প্রধানমন্ত্রীকে এক ঝলক দেখার জন্য অপেক্ষা করেছিলেন। রোড শো চলাকালীন নৃত্য পরিবেশিত হয়। শ্রী মোদীর ওপর বহু মানুষ পুষ্প অর্পণ করেন। প্রধানমন্ত্রী এখন উডুপি-র শ্রীকৃষ্ণ মঠে রয়েছেন।

( বাইট- মোদী )

এরপর প্রধানমন্ত্রী গোয়ায় সার্ধপঞ্চশত মানোৎসব উপলক্ষে শ্রী সংস্থান গোকর্ণ পড়্তাগলি জীবোত্তম মঠে যাবেন। সেখানে ভগবান রামের ৭৭ ফুট উঁচু ব্রোঞ্জের একটি মূর্তির আবরণ উন্মোচন করবেন তিনি। এছাড়াও রামায়ণের ঘটনাবলির ওপর নির্মিত এক উদ্যানের উদ্বোধন করবেন। তিনি এই উপলক্ষে আয়োজিত এক জনসভায় ভাষণ দেবেন এবং মঠের ৫৫০ বছর পূর্তি উপলক্ষে মুদ্রা ও স্মারক ডাকটিকিট প্রকাশ করবেন।

**********************

প্রধানমন্ত্রী আগামীকাল দু-দিনের ছত্তিশগড় সফর শুরু করবেন। সফরকালে তিনি পুলিশের মহা-নির্দেশক ও ইনস্পেক্টর জেনারেলদের ৬০-তম সর্ব ভারতীয় সম্মেলনের

উদ্বোধন করবেন। রায়পুরে এই সম্মেলনে দেশের আইনশৃঙ্খলা রক্ষায় উদ্ভুত সমস্যার সমাধানের জন্য বিভিন্ন পরিকল্পনা করা হবে। বিকশিত ভারত গড়ে তোলার ক্ষেত্রে সুরক্ষিত ভারতের জন্য এই উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০শে নভেম্বর(রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

**********************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ লখনৌ সফরে দুটি অনুষ্ঠানে যোগ দেবেন। ব্রহ্মকুমারী উৎসবের উদ্বোধন করবেন তিনি। এই উৎসবের এবছরের ভাবনা, "বিশ্বের ঐক্য ও বিশ্বাসের ধ্যান চর্চা।"

অন্যদিকে, রাষ্ট্রপতি আজ ভারত স্কাউট ও গাইডের হীরক জয়ন্তীর সমাপ্তি অনুষ্ঠানে ১৯ তম জাতীয় জাম্বরি সম্মেলনে যোগ দিয়ে তাঁর বক্তব্য রাখবেন। ভারতের বিভিন্ন রাজ্য থেকে আগত ৩৩ হাজার স্কাউট, গাইড, রোভার ও রেঞ্জার এই সম্মেলনে যোগ দেবেন। মালদ্বীপ, নেপাল, শ্রীলঙ্কা ও সৌদি আরবের দেড় হাজার প্রতিনিধিও থাকবেন এই অনুষ্ঠানে।

**********************

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন যে আজ ভারত বিশ্বব্যাপী আলোচনার গতিপ্রকৃতি স্থির করে দিচ্ছে। তিনি বলেন, ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল এবং গ্লোবাল সাউথের দেশগুলি ভারতকে একটি নির্ভরযোগ্য অংশীদার হিসেবে দেখছে। চাণক্য প্রতিরক্ষা আলোচনা- 'সিডিডি ২০২৫'এ ভাষণে শ্রী সিং বলেন, এই পরিবর্তিত আন্তর্জাতিক পরিবেশে ভারতের অবস্থানও রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে। তিনি জোর দিয়ে বলেন যে আমাদের ক্রমবর্ধমান অর্থনীতি, অত্যাধুনিক প্রযুক্তিগত অগ্রগতি এবং কূটনীতিতে নৈতিকতার প্রতি অবিচল প্রতিশ্রুতি আমাদের ভারসাম্য, স্থিতিশীলতা এবং দায়িত্বের কণ্ঠস্বর হিসেবে আবির্ভূত হতে সক্ষম করেছে।

প্রতিরক্ষামন্ত্রী বলেন, ভারত সর্বদা শান্তি এবং আলোচনায় বিশ্বাস করে এবং সেই পদ্ধতির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ কিন্তু জাতির সার্বভৌমত্ব এবং দেশবাসীর নিরাপত্তার প্রশ্নে আপস করে না। তিনি বলেন যে, দেশের সশস্ত্র বাহিনী বারবার দেখিয়েছে যে তারা সক্ষম এবং প্রস্তুত।

( Byte - Rajnath )

**********************

টরন্টোর ভারতীয় কনস্যুলেট জেনারেল কানাডার ব্রাম্পটনে ভয়াবহ অগ্নিকাণ্ডে ভারতীয় নাগরিকদের মৃত্যুর ঘটনায় গভীর শোক প্রকাশ করেছে। মিশন জানিয়েছে ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সঙ্গে যোগাযোগ করে প্রয়োজনীয় সহায়তা দেওয়া হয়েছে। কনস্যুলেট আজ X-এ পোস্ট করে ভারতীয় নাগরিকদের মর্মান্তিক প্রাণহানির ঘটনায় শোকাহত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়েছে। ২০ নভেম্বর ব্রাম্পটনের বানাস ওয়েতে দ্রুত ছড়িয়ে পড়া আগুনে পরিবারের বেশ কয়েকজন সদস্য আটকা পড়েন বলে সংবাদমাধ্যমে জানানো হয়। এই ঘটনায় এক ভারতীয় পরিবারের একটি ২ বছর বয়সী শিশুসহ পাঁচ সদস্য নিহত হন। তাঁরা সকলেই লুধিয়ানার গুরাম গ্রামের বাসিন্দা।

অগ্নিকাণ্ডের সম্ভাব্য কারণ সম্পর্কে তদন্তকারীরা কোনও মন্তব্য করেননি।  তবে একজন কানাডিয় পুলিশ আধিকারিক এই সপ্তাহের শুরুতে সেপর্যন্ত কোনও অপরাধমূলক কার্যকলাপের ইঙ্গিত পাওয়া যায় নি বলে জানান।

***********************

গ্রামীণ বৌদ্ধ ঐতিহ্য সংরক্ষণ একাডেমি গ্রামীণ বৌদ্ধ ঐতিহ্যের সংরক্ষণের ওপর জোর দিতে আজ নতুনদিল্লিতে একটি আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করেছে। ইন্ডিয়ান ট্রাস্ট ফর রুরাল হেরিটেজ অ্যান্ড ডেভেলপমেন্ট আয়োজিত এই তিন দিনের অনুষ্ঠানে গ্রামীণ বৌদ্ধ স্থান সংরক্ষণ এবং সুস্থায়ী উন্নয়নের সঙ্গে সঙ্গে ঐতিহ্যকে সংরক্ষণ করার  চ্যালেঞ্জ মোকাবিলায় জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞদের একত্রিত করার আশা করা হচ্ছে। সম্মেলনে অংশগ্রহণকারীরা প্রাচীন স্থাপত্য ঐতিহ্য, ঐতিহ্য সম্পদ, উদ্ভাবনী সংরক্ষণ অনুশীলন এবং সম্প্রদায়-নেতৃত্বাধীন উন্নয়ন মডেল নিয়ে আলোচনা করবেন।

***********************

নতুন ভোটাররা এবার থেকে  অফলাইনে ভোটার তালিকায় নাম তুলতে পারবেন না। শুধুমাত্র অনলাইনেই নাম তোলা যাবে। ৬ নম্বর ফর্ম- পূরণ করে নতুন ভোটাররা  নাম তুলতে পারবেন বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। এত দিন পর্যন্ত অফলাইন এবং অনলাইন দুই ভাবেই নাম তোলার আবেদন জানানো যেত। কমিশন সূত্রে খবর, বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী এস আই আর  চলাকালীন সেই প্রক্রিয়ায় পরিবর্তন করা হয়েছে। আপাতত অফলাইন নয়, অনলাইনেই নাম তুলতে হবে।  আর এই অনলাইনে নাম তোলার ক্ষেত্রে আধার কার্ড বাধ্যতামূলক। কমিশন জানিয়েছে, যে হেতু 'ই-সাইন'-এর প্রয়োজন। তাই আধার কার্ডের মাধ্যমে ওটিপি দিয়ে তা করা হবে।

উল্লেখ্য, আগামী ৯ ডিসেম্বর নিবিড় সংশোধনের খসড়া তালিকা প্রকাশ করবে কমিশন। তার পরেই তালিকায় নাম তুলতে আবেদন করতে পারবেন নতুন ভোটাররা।

***********************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর সহ বিভিন্ন বিষয় নিয়ে কথা বলতে তৃণমূল কংগ্রেসের এক সংসদীয় প্রতিনিধি দল আজ মুখ্য নির্বাচনী কমিশনার জ্ঞানেশ কুমারের সহ কমিশনের সঙ্গে বৈঠক করেন।

কমিশনের কাছে তাঁরা পাঁচটি প্রশ্ন রাখেন বলে সাংসদ ডেরেক ও ব্যায়েন জানান। দুঘণ্টা ধরে চলা বৈঠকে তাদের করা প্রশ্নে কোনো সদুত্তর পান নি বলে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে জানানো হয়েছে।

***********************

পাকিস্তানের জেলবন্দী প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের শারীরিক অবস্থা নিয়ে জল্পনা-কল্পনা আরো জোরদার হয়েছে। অসমর্থিত আফগান সংবাদ মাধ্যম সূত্রে দাবী করা হয়েছে যে, রাওলপিন্ডির আদিয়ালা জেলে হেফাজতে তাঁর মৃত্যু হয়েছে। ইমরান খানের পুত্র কাশেম খান তাঁর বাবা যে বেঁচে আছেন, অবিলম্বে সরকারের কাছে তার প্রমাণ চেয়েছেন। আদিয়ালা জেলে তাঁকে প্রবেশ করতে দেওয়া, বাবাকে দেখতে দেওয়া এবং ইমরান খানের অবলম্বে মুক্তির জন্য কাশিম খান এক্স হ্যান্ডেলে দাবী জানিয়েছেন। তিনি বলেছেন, গত ৮৪৫ দিন ধরে তাঁর বাবাকে জেলে বন্দী করে রাখা হয়েছে এবং পরিবারের কোনো সদস্যকেই তাঁর সঙ্গে দেখা করতে দেওয়া হচ্ছে না। গত ছ'সপ্তাহ ধরে তাঁকে 'ডেথ সেল'-এ রাখা হয়েছে বলে'ও খবর। আদালতের নির্দেশ সত্বেও ইমরানের বোনদের একবার'ও তাঁর সঙ্গে দেখা করতে দেওয়া হয়নি। কাশেমের আরো অভিযোগ, নিরাপত্তার বহর দেখে মনে হয় এটা আদৌ রুটিনমাফিক ব্যবস্থা নয়। তাঁর বাবার অবস্থা ইচ্ছা করে গোপন করে পরিবারের লোকেদের সঙ্গে তাঁকে যোগাযোগ করতে না দেওয়াটাই এর উদ্দেশ্য। ইমরানের পুত্র এ'বিষয়ে বিশ্ব নেতৃবৃন্দ, আন্তর্জাতিক আদালত এবং মানবাধিকার সংস্থাগুলিকে হস্তক্ষেপ করতে অনুরোধ করেছেন।

***********************

রাষ্ট্রসংঘ, পাকিস্তানের জেলবন্দী প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের মানবাধিকার যাতে সুনিশ্চিত করা হয়, তার জন্য সেদেশের কর্তৃপক্ষকে বলেছে।
রাষ্ট্রসংঘ-এর সহকারী মুখপাত্র ফারহান হক বলেছেন, এধরণের রাজনৈতিক দিক দিয়ে স্পর্শকাতর মামলায় আইন অনুযায়ী ন্যায্য ব্যবহার এবং পদ্ধতিগত নির্ভুল ব্যবস্থাপনা অপরিহার্য। রাষ্ট্রসংঘ তা' যথাযথভাবে মেনে চলার ওপর গুরুত্ব দিয়ে থাকে।
ইমরান খানের দল 'পাকিস্তান তেহেরিক-এ ইন্সাফ' পার্টি অভিযোগ করেছে, ইচ্ছাকৃতভাবে তাঁকে বন্দী করে রাখা হয়েছে এবং কারাওর সঙ্গে দেখা করতে দেওয়া হচ্ছে না।
উল্লেখ্য, ৭২ বছর বয়সী রাজনীতিক তথা প্রাক্তন ক্রিকেটার ইমরান খানকে, দুর্নীতি, হিংসায় মদত দেওয়া সহ একাধিক অভিযোগে ২০২৩-এর আগস্ট মাস থেকে আদিয়ালা জেলে বন্দী করে রাখা হয়েছে ।

***********************

হোয়াইট হাউজের কাছে দুজন নিরাপত্তা কর্মীর ওপর এক আফগান নাগরিক গুলি চালানোর পর, মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প অভিবাসনের বিষয়ে তাঁর সিদ্ধান্ত ঢালাওভাবে রূপায়িত করার কথা ঘোষোণা করেছেন। মার্কিন রাষ্ট্রপতির বক্তব্য, তৃতীয় বিশ্বের দেশগুলি থেকে আমেরিকায় অভিবাসনে, স্থায়ীভাবে তিনি বন্ধ করতে চান। ডোনাল্ড ট্রাম্প–এর এই প্রস্তাবিত উদ্যোগ রূপায়িত হলে, শিক্ষা, কাজ, নিরাপত্তা অথবা রাজনৈতিক আশ্রয়ের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে যেতে আগ্রহী লক্ষ লক্ষ মানুষের ওপর তাৎপর্যপূর্ণভাবে বিরূপ প্রভাব পড়বে। বিশ্বব্যাপী অভিবাসনের বিন্যাস'ও এর ফলে সম্পূর্ণ পালটে যেতে পারে। তীব্র ভাষায় রাষ্ট্রপতি ট্রাম্প বলেছেন, আমেরিকার অভিবাসন নীতি বছরের পর বছর ধরে দেশের অগ্রগতিকে দুর্বল করেছে এবং জীবন

যাত্রার মানের'ও ক্ষতি করেছে। বেআইনী জনসংখ্যা ব্যপকভাবে কমিয়ে আনাই তাঁর এই নীতির লক্ষ্য বলে মার্কিন রাষ্ট্রপতি মন্তব্য করেছেন। এর আগে মার্কিন অভিবাসন দপ্তরের অধিকর্তা যোশেফ এগলো বলেছেন, রাষ্ট্রপতি ট্রাম্প-এর নির্দেশে তিনি আমেরিকায় বসবাসকারী গ্রিন কার্ডধারী প্রত্যেকের বিস্তারিত তথ্য পরীক্ষা করে দেখতে বলেছেন। তবে, এই দেশগুলির তালিকায় ভারত নেই।

উল্লেখ্য, গত বুধবার হোয়াইট হাউজের কাছে আফগান নাগরিকের ওই গুলি চালানোর ঘটনায় ন্যাশনাল গার্ডের এক রক্ষীর মৃত্যু হয়েছে। আরেকজনের অবস্থা সঙ্কটজনক।

***********************

রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন বলেছেন যে ইউক্রেন সংঘর্ষ সমাপ্তির লক্ষ্যে মার্কিন পরিকল্পনা ভবিষ্যত সমঝোতার ভিত্তি তৈরি করতে পারে। গতকাল কিরগিজস্তান সফরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় রাষ্ট্রপতি পুতিন আরো বলেন, ক্রেমলিন আগামী সপ্তাহের শুরুতে মস্কোতে বিশেষ দূত স্টিভ উইটকফের নেতৃত্বে একটি মার্কিন প্রতিনিধি দলের সঙ্গে গুরুত্বপূর্ণ আলোচনা হবে বলে আশা করছে। পুতিন বলেছেন যে রাশিয়া তখনই অস্ত্র সমর্পণ করবে যখন মস্কোর দাবি করা অঞ্চল থেকে ইউক্রেন সেনা প্রত্যাহার করে নেবে।

***********************

গোয়ায় এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্যে দিয়ে ভারতের ৫৬-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ সমাপ্ত হতে চলেছে।

একটি বিশেষ প্রতিবেদন-

( ভিসি- কাশফিন )

***********************

ফুটবলে এএফসি অনূর্ধ্ব ১৭ এশিয়ান কাপের কোয়ালিফাইয়ারে ভারত আজ লেবাননের মুখোমুখি হবে। গুজরাতের আহমেদাবাদে সন্ধ্যে সাড়ে সাতটায় খেলা শুরু হবে। গ্রুপ ডি পয়েন্ট টেবিলে ভারত চার পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে।

*****************************************************************